**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 05-09-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন যে কন্যাদের সর্বোত্তম শিক্ষা প্রদান করা নারী-নেতৃত্বাধীন উন্নয়নকে** উৎসাহিত **করার সবচেয়ে কার্যকর উপায়।**

**(২) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর হাত থেকে জাতীয় পুরস্কার নিলেন গোমতী জেলার হরিয়ানন্দ ইংলিশ মিডিয়া স্কুলের শিক্ষিকা বিদিশা মজুমদার ।**

**(৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে রূপায়িত নতুন জাতীয় শিক্ষা নীতি চালু হওয়ায় রাজ্যের ছেলেমেয়েরা নতুন দিশা পাচ্ছে |**

**(৪) সোনামুড়ার ঠাকুরমুড়া স্কুল মাঠে মরহুম আয়ত আলী ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ান হয়েছে বলারঢেপা প্লে সেন্টার |**

*******************************************************

**Teachers' Day Greetings:**

আজ জাতীয় শিক্ষক দিবস৷ ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি প্রয়াত ড: সর্বপল্লী রাধাকৃষ্ণনের জন্মদিন| রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণনকে তাঁর জন্মদিনে শ্রদ্ধা নিবেদন করেছেন। শ্রীমতি মুর্মু আজ রাষ্ট্রপতি ভবনে ডঃ রাধাকৃষ্ণনের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য নিবেদন করেন।

******************************

**President:**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন যে কন্যাদের সর্বোত্তম শিক্ষা প্রদান করা নারী-নেতৃত্বাধীন উন্নয়নকে উৎসাহিত করার সবচেয়ে কার্যকর উপায়। আজ

নতুনদিল্লিতে জাতীয় শিক্ষক পুরস্কার ২০২৫ প্রদানের পর সমাবেশে ভাষণ দিতে গিয়ে রাষ্ট্রপতি বলেন যে মেয়েদের শিক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া উচিত। তিনি আরও বলেন যে কন্যাদের শিক্ষায় বিনিয়োগ পরিবার, সমাজ এবং জাতির উন্নয়নে একটি অমূল্য অবদান। রাষ্ট্রপতি সন্তোষ প্রকাশ করেছেন যে সাম্প্রতিক বছরগুলিতে উচ্চ শিক্ষায় মেয়েদের মোট ভর্তির অনুপাত উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। রাষ্ট্রপতি বলেন, শিক্ষা ব্যক্তিদের ক্ষমতায়ন করে, দুর্বলতম পটভূমির শিশুদের উল্লেখযোগ্য অগ্রগতি অর্জনে সক্ষম করে। তিনি বলেন, খাদ্য, বস্ত্র এবং আশ্রয়ের মতোই, শিক্ষা একজন ব্যক্তির মর্যাদা এবং নিরাপত্তার জন্য অপরিহার্য। রাষ্ট্রপতি মুর্মু উল্লেখ করেন যে জাতীয় শিক্ষা নীতি ২০২০ স্কুল পর্যায়ে শিক্ষাকে আরও সহজলভ্য এবং নিরবচ্ছিন্ন করার উপর বিশেষ জোর দেয়।

##########Pesident Byte##########

এই অনুষ্ঠানে রাজ্যের গোমতি জেলার হরিয়ানন্দ ইংরেজি মাধ্যম বিদ্যালয়ের শিক্ষিকা বিদিশা মজুমদার রাষ্ট্রপতির হাত থেকেউঠে আসেন  জাতীয় শিক্ষকের পুরস্কার গ্রহণ করেন|

*******************************

**Teachers Day-C.M:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর  নেতৃত্বে রূপায়িত নতুন জাতীয় শিক্ষা নীতি চালু হওয়ায় রাজ্যের ছেলেমেয়েরা নতুন দিশা পাচ্ছে| রাজ্যে স্কুল থেকে শুরু করে কলেজ বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত জাতীয় শিক্ষা নীতির মাধ্যমে নতুন নতুন কার্যক্রম চালু করা হয়েছে। আজ আগরতলায় রবীন্দ্র শতবার্ষিকী ভবনে রাজ্য ভিত্তিক শিক্ষক দিবস উদযাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন| মুখ্যমন্ত্রী শিক্ষক শিক্ষিকাদের ভবিষ্যৎ প্রজন্মের ছাত্র ছাত্রীদের

জন্য আলোক বর্তিকা হিসাবে উল্লেখ করেন। তিনি বলেন, শিক্ষিত নাগরিক হিসাবে ছাত্র সমাজকে গড়ে তুলতে রাজ্যের শিক্ষক সমাজ যথেষ্ট আন্তরিকভাবে কাজ করছেন|

##########C.M. Byte##########

বিদ্যালয় শিক্ষা দপ্তর আয়োজিত এই অনুষ্ঠানে ৩৬ জন শিক্ষক শিক্ষিকাকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়।বিশিষ্ট শিক্ষাবিদ ডাক্তার অতুল দেববর্মাকে পন্ডিত ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগর সন্মান, প্রধান শিক্ষিকা প্রণতি দেববর্মাকে মহারাণী তুলসীবতী সম্মান ও বিশিষ্ট শিক্ষক ভারতীয় বিমান বাহিনীর প্রাক্তন সেনা আধিকারিক সমীর চক্রবর্তীকে ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জি সম্মান প্রদান করা হয়|

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, বিশিষ্ট শিক্ষাবিদ প্রাক্তন উপাচার্য অরুনোদয় সাহা, শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার প্রমুখ|

******************************

**Trible Welfare Minister:**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন কন্যা সন্তানদের নিরাপদ এবং উন্নত শিক্ষার পরিবেশ দেওয়া সরকারের মৌলিক দায়িত্ব। শিক্ষিত নারীরা সমাজের গঠন, পরিবারের উন্নয়ন এবং সামাজিক কর্মকাণ্ডে নেতৃত্ব দিতে সক্ষম। তাদের প্রতি দায়িত্বশীল হওয়া মানে উন্নত সমাজ গড়ে তোলা। আজ তেলিয়ামুড়া মহকুমার ছনখলা এলাকার বি এইচ ডি ইন্টারন্যাশনাল স্কুলের এসটি গার্লস হোস্টেল পরিদর্শন করে তিনি একথা বলেন।তিনি হোস্টেলের আবাসিকদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আধিকারিকদের নির্দেশ দেন। পরিদর্শনের সময় মন্ত্রী সরাসরি ছাত্রীদের সঙ্গে মতবিনিময় করে তাদের সমস্যার কথা শুনেন।

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

******************************

**TEACHERS DAY NATIONAL AWARDEE:**

ভারতের দ্বিতীয় রাষ্ট্রপতি তথা প্রখ্যাত শিক্ষাবিদ, দার্শনিক ডঃ সর্বপল্লি রাধাকৃষ্ণণের জন্মজয়ন্তী পড়ুয়াদের ভবিষ্যৎ গড়ার উদ্দেশে নিবেদিত শিক্ষকদের অবদানের প্রতি সম্মান জানাতে পালন করা হয় ।এভাবেই দেশের সেরা শিক্ষকদের তালিকায় এসেন ত্রিপুরার শিক্ষক শিক্ষিকাও । একটি প্রতিবেদন।

##########VC######

******************************

**Birthday of Hajrat ahammad:**

আজ ইসলাম ধর্মের প্রবর্তক বিশ্বনবী হজরত মুহাম্মদ-এর আবির্ভাব ও প্রয়ান দিবস, যা ফতেহা দোয়াজ দাহাম হিসাবে পালিত হচ্ছে ।রাজ্যেও এই উপলক্ষে

বিভিন্ন মসজিদ  ও ঈদগাহ প্রাঙ্গনে বিশেষ মোনাজাত অর্থাৎ বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়েছে।  ইসলামিক মাস রবিউল আলমের ১২ তম দিনে এই দিবসটি পালন করা হয়ে থাকে।

আগরতলা ইন্দ্রনগর মাজার শরীফের সামনে থেকে একটি ধর্মীয় শোভাযাত্রা বের হয়| ত্রিপুরা গাউছিয়া সমিতির সদস্য এম এম শাহাবুদ্দিন জানান,   মুসলিম ধর্মপ্রাণ লোকজন এই মিছিলে অংশ নেন।

******************************

**Fateha Doaz Daham/ Kailashahar:**

ঊনকোটি জেলা সদর কৈলাশহরে আজ পালিত হয়,  বিশ্বনবী হজরত মহম্মদের জন্মদিন "ফাতেহা দোয়াজ দাহম"। এই উপলক্ষ্যে কৈলাশহরের নানাস্থান থেকে তাজিয়া সহকারে ধর্মীয় শোভাযাত্রা বের হয়ে মিলিত হয় স্থানীয় টিলাবাজার মাদ্রাসা মাঠে। সেখানে পয়গম্বর হজরত মহম্মদের জীবন ও কর্মধারা নিয়ে আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। এখানে বিশ্বশান্তি ও সৌভ্রাতৃত্ব কামনায় বিশেষ প্রার্থনা করা হয়।

ফাতেহা দোয়াজ দাহম উদযাপন কমিটির সভাপতি তথা অল ইন্ডিয়া মুসলিম পারসন্যাল ল' বোর্ডের সদস্য আলহাজ মৌলানা সৈয়দ আহমেদ জানান, আজকের দিনটি অত্যন্ত তাৎপর্যপূর্ণ। তিনি সকলের সুখ-সমৃদ্ধি কামনা করেন|

******************************

**Teachers Day- Ram Prashad Pal:**

শিক্ষক দিবস উপলক্ষে সুর্য্যমণি নগর এলাকায় এক বিশেষ সংবর্ধনা অনুষ্ঠানে এলাকার প্রায় ৫00 জন শিক্ষক-শিক্ষিকাকে সম্বর্ধনা জানানো হয়

অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ত্র বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল।

******************************

**Teachers' Day, Nalchar :**

সিপাহীজলা জেলাতেও আজ যথাযোগ্য মর্যাদায় জাতীয় শিক্ষক দিবস উদযাপন করা হয় নলছড় ব্লক কমিউনিটি হলে বিদ্যালয় পরিদর্শক আয়োজিত অনুষ্ঠানের সূচনা করেন নলছড় পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন স্বপন কুমার দাস। শিক্ষক দিবসের তৎপর্য ব্যাখ্য করেন বিশিষ্ট শিক্ষাবিদ অবসরপ্রাপ্ত অধ্যাপিকা চিত্রা পাল। অনুষ্ঠানে ব্লক এলাকার সদ্য অবসরপ্রাপ্ত ২১ জন শিক্ষক-শিক্ষিকাকে সংবর্ধনা প্রদান করা হয়।

******************************

**Teachers Day-Gomati:**

উদয়পুরের রাজর্ষি হলে উদয়পুর মহকুমা ভিত্তিক শিক্ষক দিবস উদযাপন করা হয়| এই অনুষ্ঠানে শিক্ষকতায় বিশেষ অবদানের শুভজ্ঞা দেবকে বিশেষ সন্মাননা এবং চলতি বছরের অবসরপ্রাপ্ত ৮৮ জন শিক্ষক-শিক্ষিকাদের সন্মাননা প্রদান করা হয়| জাতীয় শিক্ষক দিবসের গুরুত্ব ব্যাখা করে বক্তব্য রাখেন বিবেক নগরের রামকৃষ্ণ মঠ ও মিশনের মহারাজ শ্রীমৎ স্বামী শুভকরানন্দ মহারাজ, গোমতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, বিধায়ক রামপদ জমাতিয়া, অভিষেক দেবরায়, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার প্রমুখ |

******************************

**Secretary, NEC:**

উত্তর-পূর্বাঞ্চল পরিষদ বা N.E.C'র সচিব সতিন্দর কুমার ভাল্লা আজ বিকালে কৈলাশহরের শৈবতীর্থ ঊনকোটি পরিদর্শন করেন। তিনি ঊনকোটির পাহাড়ে খোদিত স্থাপত্য -ভাস্কর্য দেখেন| ভারতীয় প্রত্নতত্ত্ব বিভাগের আধিকারিকরা এই স্থাপত্য সম্পর্কে শ্রী ভাল্লাকে অবহিত করেন|

পরিদর্শন শেষে আকাশবাণী 'কে দেওয়া এক সাক্ষাৎকারে উত্তর-পূর্বাঞ্চল পরিষদের সচিব এস,কে ভাল্লা বলেন,, ঊনকোটির স্থাপত্য ভাস্কর্য দেখে তিনি আপ্লুত ।

******************************

**Football-Sonamura:**

সোনামুড়ার ঠাকুরমুড়া স্কুল মাঠে মরহুম আয়ত আলী ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ান হয়েছে বলারঢেপা প্লে সেন্টার| বিজয়ী দল ২-0 গোলে সাহাপুর প্লে সেন্টারকে পরাজিত করে। ফাইনাল ম্যাচে উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য, বিধায়ক তফাজ্জল হোসেন, সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী প্রমুখ।

******************************

**Yoga camp:**

আগামীকাল এবং ৭ সেপ্টেম্বর বামুটিয়ার বেড়িমুড়া দ্বাদশ স্কুল মাঠে যোগা শিবির অনুষ্ঠিত হবে। যোগা কমিটির পক্ষে বাদল দাস জানান, যোগাচার্য রূপক দেবনাথ প্রশিক্ষণ দেবেন ।

******************************

**Weather:**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে

পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৫  ডিগ্রি সেলসিয়াস।

******************************

******************************